

## বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ব্যয় কমানোর আহ্বান

✍ নিজস্ব প্রতিবেদক (<https://www.jagonews24.com/author/staff-reporter>)

🕒 প্রকাশিত: ১২:৩১ পিএম, ২০ জানুয়ারি ২০১৮ | 🕒 আপডেট: ১২:৩৫ পিএম, ২০ জানুয়ারি ২০১৮



বেসরকারি বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষকে ব্যয়সীমা কমানোর আহ্বান জানিয়েছেন শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম। সব স্তরের শিক্ষার্থীদের পড়ার সুযোগ তৈরি করে দিতে মন্ত্রী এমন আহ্বান জানিয়েছেন। শনিবার ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ৫তম সমাবর্তনে সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সমাবর্তনে মোট ৯৬২ জন শিক্ষার্থীকে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী প্রদান করা হয়। তাদের মধ্যে সেরা চার মেধাবী শিক্ষার্থীকে স্বর্ণপদক প্রদান করা হয়।

শিক্ষামন্ত্রী বলেন, দেশের বাস্তবতা এবং জনগণের আর্থ-সামাজিক অবস্থা বিবেচনা করে শিক্ষার্থীদের ভর্তি ও টিউশন ফিসহ সব ধরনের ব্যয় একটি সীমা পর্যন্ত নির্ধারিত রাখতে উদার দৃষ্টিভঙ্গি তৈরি করতে হবে। তিনি বলেন, কিছু বেসরকারি বিশ্ববিদ্যালয় এখনও তাদের ন্যূনতম শর্ত পূরণ করতে পারেনি। এভাবে তারা বেশি দিন চলতে পারবে না। যেসব বিশ্ববিদ্যালয় নির্ধারিত শর্ত পূরণ করতে ব্যর্থ হয়েছে, যারা মুনাফার লক্ষ্য নিয়ে চলতে চায়, যারা নিজস্ব ক্যাম্পাসে এখনও যায়নি, যারা একাধিক ক্যাম্পাসে পাঠদান পরিচালনা করছে তাদের বিরুদ্ধে অব্যাহত চাপ রেখেও সঠিক ধারায় আনা কঠিন হয়ে পড়েছে। এজন্য তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ ছাড়া তারা আর কোন পথ খোলা রাখেনি।

মন্ত্রী বেসরকারি বিশ্ববিদ্যালয়ের উদ্যোক্তাদের ব্যবসা ও মুনাফার চিন্তা ত্যাগ করে জনকল্যাণ, সেবার মনোভাব ও শিক্ষার জন্য অবদান রাখার দৃষ্টিভঙ্গি নিয়ে এগিয়ে আসার আহ্বান জানান। একইসঙ্গে আমাদের দেশের বাস্তবতা এবং জনগণের আর্থ-সামাজিক অবস্থা বিবেচনা করে শিক্ষার্থীদের ভর্তি ও টিউশন ফিসহ সব ধরনের ব্যয় একটি সীমা পর্যন্ত নির্ধারিত রাখতে অনুরোধ করেন।



সমাবর্তনে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান বলেন, কিছু বেসরকারি বিশ্ববিদ্যালয় অনেক করছে, আবার অনেকে বিশ্ববিদ্যালয়কে ব্যবসা প্রতিষ্ঠান বানিয়েছে। ব্যবসা প্রতিষ্ঠান চালানো আর শিক্ষা প্রতিষ্ঠান চালানো এক বিষয় নয়। এ কারণে যে কাজটি উপাচার্যের করার কথা কিন্তু তা করছেন বোর্ড অব ট্রাস্টিজের সদস্যরা। এটি কাম্য নয়। এতে বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে শৃঙ্খলা থাকে না।

সমাবর্তন অনুষ্ঠানে ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর শিক্ষার্থীদের ভালো মানুষ হওয়ার পাশাপাশি সমাজ ও দেশের মানুষের কল্যাণে নিজেদের আত্মনিয়োগ করার আহ্বান জানান। অনুষ্ঠানে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সদস্য, শিক্ষক-শিক্ষিকা, শিক্ষার্থী ও অভিভাবক প্রমুখ উপস্থিত ছিলেন।

এমএইচএম/আর/আইআই

সম্পাদক : সুজন মাহমুদ

© ২০১৮ সর্বস্বত্ব সংরক্ষিত | জাগোনিউজ২৪.কম, একেসি প্রাইভেট লিমিটেডের একটি প্রতিষ্ঠান

📍 আজহার কমফোর্ট কমপ্লেক্স (৫ম তলা), গ-১৩০/এ প্রগতি সরণি, মধ্যবাড্ডা, ঢাকা-১২১২

☎ (Phone): ৮৮ ০২ ৯৮৪২৬৮৯ , 📠 (Fax): ৮৮ ০২ ৯৮৪২১৭৬ ✉ (Email): info@jagonews24.com, jagonews24@gmail.com